

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
<http://food.khagrachari.gov.bd>



২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৬ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১৩.০১.৪৬০০.০০২.৪৮.০০১.২০.৬৯৩

লাইসেন্স নবায়নের বিজ্ঞপ্তি

এতদ্বারা খাগড়াছড়ি পার্বত্য জেলার বৈধ লাইসেন্সধারী চালকল মালিক এবং খাদ্যশস্য/খাদ্যসামগ্রী ব্যবসার পাইকারী ব্যবসায়ী ও আড়তদার/খুচরা ব্যবসায়ী/ওএমএস ডিলার/খাদ্যবান্ধব ডিলারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য ও দু্যোগ্য ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের এস. আর. ও নং- ১১২-আইন/২০১১ মোতাবেক ২০২৪-২০২৫ অর্থবছরের মিল লাইসেন্স এবং খাদ্যশস্য/খাদ্যসামগ্রী ব্যবসার পাইকারী/ওএমএস লাইসেন্স এর ক্ষেত্রে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা এবং খাদ্য শস্য ব্যবসায়ীর খুচরা লাইসেন্স/খাদ্যবান্ধব/আটা চাক্কি লাইসেন্স এর ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখের মধ্যে নবায়ন সম্পন্ন করতে হবে। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা লাইসেন্স শাখা/সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে ট্রেজারী চালান/অটোমেটেড চালান পাশের মাধ্যমে ১৪৮০২০১১৩০২২০-১৪২২১৯৯(নতুন) (খাদ্য খাতে) নং কোডে নিম্নবর্ণিত হারে লাইসেন্স নবায়ন ফি এবং ১৫% হারে নবায়ন ফির উৎসে মূল্য সংযোজন কর (ভ্যাট) ১১১০২০৫১০২০৩৬-১১৪১১০১ নং কোডে সোনালী ব্যাংক লিমিটেড, খাগড়াছড়ি পার্বত্য জেলার যে কোন শাখায় জমা দান পূর্বক চালানের মূল কপি এবং প্রয়োজনীয় কাগজপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করে সরাসরি অত্র দপ্তরের সংশ্লিষ্ট শাখা/উপজেলা কার্যালয়ে দাখিল করতে হবে। ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখের মধ্যে লাইসেন্স নবায়ন না হলে লাইসেন্স বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট লাইসেন্সধারীগণ নিজ দায়িত্বে অত্র দপ্তরে লাইসেন্স জমা দিবেন এবং নবায়ন শেষে তা নিজ দায়িত্বে গ্রহণ করবেন। উল্লেখ্য যে, লাইসেন্স নবায়ন প্রাক্কালে সরকারি নতুন কোনরূপ সিদ্ধান্ত বা নিয়ম চালু হলে লাইসেন্সধারীগণ তা মেনে চলতে বাধ্য থাকবেন।

ক্র. নং	লাইসেন্স ধরণ	লাইসেন্স শ্রেণী	লাইসেন্স নবায়ন ফি	উৎসে মূল্য সংযোজন কর (ভ্যাট) (১৫%)	প্রয়োজনীয় কাগজপত্র
১	মিল লাইসেন্স	অটোমেটিক চাউল কল	২৫০০/-	৩৭৫/-	(ক) মূল লাইসেন্স।
২		মেজর চাউল কল	২,০০০/-	৩০০/-	(খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
৩		মেজর ও কম্প্যাক্ট ময়দাকল	১,৫০০/-	২২৫/-	(গ) লাইসেন্স নবায়ন ফি ও উৎসে মূল্য সংযোজন কর (ভ্যাট) এর ২টি আলাদা ট্রেজারী চালানের মূলকপি।
৪		রোলার ময়দাকল	৫০০/-	৭৫/-	(ঘ) হাল-নাগাদ বিদ্যুৎ বিলের সত্যায়িত ফটোকপি।
৫		হাক্কিং চাউল কল	৫০০/-	৭৫/-	(ঙ) হাল-নাগাদ খাজনা রশিদের সত্যায়িত ফটোকপি।
৬		আটা চাক্কি	৩০০/-	৪৫/-	
৭	খাদ্যশস্য/ খাদ্যসামগ্রী ব্যবসার লাইসেন্স	পাইকারী ব্যবসায়ী ও আড়তদার	২৫০০	৩৭৫/-	(ক) মূল লাইসেন্স।
৮		খুচরা ব্যবসায়ী	৫০০/-	৭৫/-	(খ) লাইসেন্স নবায়ন ফি ও উৎসে মূল্য সংযোজন কর (ভ্যাট) এর ২টি আলাদা ট্রেজারী চালানের মূলকপি।
৯		ওএমএস ডিলার	৫০০/-	৭৫/-	(গ) হাল-নাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
১০		খাদ্যবান্ধব ডিলার	৫০০/-	৭৫/-	

০৬-০৬-২০২৪

রুপান্তর চাকমা

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

dcf.kgr@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.৪৬০০.০০২.৪৮.০০১.২০.৬৯৩/১ (৯)

২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৬ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।;
- ২। পরিচালক, প্রশাসন/সরবরাহ, বটন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।;
- ৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।;
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।;
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), , খাগড়াছড়ি পার্বত্য জেলা।, অত্র বিজ্ঞপ্তি আপনার উপজেলাধীন বৈধ লাইসেন্সধারী

চাউল কল মালিক/খাদ্যশস্য ও খাদ্যসামগ্রী ব্যবসায়ীগণকে অবহিত করবেন এবং খুচরা ব্যবসায়ীগণের লাইসেন্স নবায়ন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবেন।;

৬। সভাপতি/সাধারণ সম্পাদক, খাদ্যশস্য/খাদ্যসামগ্রী ব্যবসায়ী,, খাগড়াছড়ি পার্বত্য জেলা।;

৭। মেসার্স..... চাউল কল/খাদ্যশস্য ব্যবসায়ী/ওএমএস ডিলার/খাদ্যবান্ধব ডিলার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।;

৮। নোটিশ বোর্ড, অত্র দপ্তর। এবং

৯। অফিস নথি।।



০৬-০৬-২০২৪

রূপান্তর চাকমা

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)